বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৭১৯/২০১৯/৬৪৭ তারিখ: ২১ সেপ্টেম্বর, ২০২০

# আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক "Commission" অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক Fareast Finance & Investment Limited 'issuer' হিসেবে অভিহিত (অত:পর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, কমিশন, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2CC এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 জারি করে যার বর্ণনা নিম্নরূপ:

"..... Every sponsor shareholder or director or placement holder of a company listed with any stock exchange shall simultaneously submit a written report to the Securities and Exchange Commission and the stock exchange with which the company is listed about his/her/its intention to buy or sell or otherwise dispose off in any manner whatsoever the shares held by him/her/it in that company in the following format: ....."

যেহেতু, কমিশন, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2CC এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 জারি করে যার বর্ণনা নিম্নরূপ:

"... a) All sponsors/promoters and directors of a company listed with any stock exchange shall all time jointly hold minimum 30% (thirty percent) shares of the paid-up capital of the company. The sponsors/promoters and directors holding less than 30% (thirty percent) shares shall acquire the rest amount within 6 (six) months of issuance of this Notification;
b) In case of non-holding of the said amount of shares the sponsors/promoters and directors would not be able to sell or transfer any shares until acquisition of the aforesaid amount of shares;..."

যেহেতু, , সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪, উপ-বিধি (১) ও (২) এর বর্ণনা নিম্নরূপ:

"৪। সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ ইত্যাদি।– (১) কোন ব্যক্তি নিজে বা অন্য কাহারো মাধ্যমে সুবিধাভোগী ব্যবসা করিবেন না বা উক্তরূপ ব্যবসার ব্যাপারে কোন ব্যক্তিগত পরামর্শ বা সহায়তা করিবেন না।
(২) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির কোন স্পন্সর (Sponsor), পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী, নিরীক্ষক বা নিরীক্ষাকার্যে সম্পৃক্ত ব্যক্তি, পরামর্শক বা আইন উপদেষ্টা, কিংবা Securities and Exchange Ordinance, ১৯৬৯ (XVII of ১৯৬৯) এর Section ১২-এ উল্লিখিত beneficial owner, উক্ত কোম্পানীর বার্ষিক হিসাব সমাপ্তির তারিখ এর



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

দুই মাস পূর্ব (ইংরেজি পঞ্জিকা বছর মোতাবেক) হইতে উক্ত কোম্পানির পরিচালনা পর্ষদ (Board of Directors) কর্তৃক চূড়ান্তভাবে বিবেচিত, গৃহীত বা অনুমোদিত হওয়ার তারিখ পর্যন্ত সময়কালে আলোচ্য কোম্পানির শেয়ার ক্রয়, বিক্রয়, কিংবা অন্য কোন প্রকারে হস্তান্তর বা গ্রহণ করিতে পারিবেন না"।

যেহেতু, জনাব এম এ খালেক (Mr. M. A. Khaleque) 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড' এর পরিচালক হিসেবে বিগত ০২.১০.২০১৮ ইং হতে ০৫.১১.২০১৮ ইং তারিখের মধ্যে উক্ত কোম্পানির ৩২,৮১,২৬৬ টি শেয়ার পূর্ব ঘোষণা ছাড়াই বিক্রি করেছেন; এবং শেয়ার বিক্রি করার সময়কাল সিকিউরিটিজ আইন অনুযায়ী নিষিদ্ধ সময়কালের অন্তর্ভুক্ত ছিল;

যেহেতু, উপর্যুক্ত পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির মাধ্যমে জনাব এম এ খালেক কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010, SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪ এর উপ-বিধি (১) ও (২) এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, জনাব এম এ খালেক কর্তৃক উপর্যুক্ত কর্মকান্ডের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের মার্চ ২৫, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৭১৯/২০১৯-১৪০ স্মারকমূলে 'জনাব এম এ খালেক'-কে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং তিনি পরবর্তীতে শুনানির সময় বর্ধিতকরণের জন্য আবেদন করলে জুন ১২, ২০১৯ তারিখে নতুন শুনানির তারিখ নির্ধারণ করা হলেও নির্ধারিত তারিখে শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 25A এর বিধান মোতাবেক এই আইনের অধীনে কোন ব্যক্তির উপর আনীত অভিযোগ হতে নির্দোষ প্রমাণের দায়িত্ব উক্ত ব্যক্তির উপর বর্তায়;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর বিধান মোতাবেক যথাযথ প্রক্রিয়ায় নোটিশ ইস্যু করার পরও জনাব এম এ খালেক উপর্যুক্ত শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে নিজেকে নির্দোষ প্রমাণ করতে ব্যর্থ হন;

যেহেতু, উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, জনাব এম এ খালেক এর বিরুদ্ধে কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010, SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ বিধিমালা, ১৯৯৫ এর ধারা ৪(২) এর লঙ্ঘন সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড' এর পরিচালক হিসেবে জনাব এম এ খালেক সিকিউরিটিজ সংক্রান্ত উপর্যুক্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড'-এ জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু জনাব এম এ খালেক কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড' এর শেয়ার বিক্রির কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড'-এ বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, জনাব এম এ খালেক আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Section 22, Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে জনাব এম এ খালেক-কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এর প্রদত্ত ক্ষমতাবলে 'জনাব এম এ খালেক'-কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

২৯.০৭.২০২০

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। জনাব এম এ খালেক, সাবেক চেয়ারম্যান ও পরিচালক, 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড', বাড়ি # ২, সড়ক # ৬, বারিধারা ডিপ্লোমেটিক জোন, গুলশান, ঢাকা।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৭১৯/২০১৯-৬৬৪৮

তারিখ:............সেপ্টেম্বর, ২০২০

## আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক "Commission" অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক Fareast Finance & Investment Limited 'issuer' হিসেবে অভিহিত (অত:পর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, কমিশন, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2CC এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 জারি করে যার বর্ণনা নিম্নরূপ:

"..... Every sponsor shareholder or director or placement holder of a company listed with any stock exchange shall simultaneously submit a written report to the Securities and Exchange Commission and the stock exchange with which the company is listed about his/her/its intention to buy or sell or otherwise dispose off in any manner whatsoever the shares held by him/her/it in that company in the following format: ....."

যেহেতু, জনাব রুবাইয়াত খালেদ (Mr. Rubaiyat Khaled) 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড' এর পরিচালক হিসেবে বিগত ০৩.১০.২০১৮ ইং হতে ২৯.১০.২০১৮ ইং তারিখের মধ্যে উক্ত কোম্পানির ২৬,৭৭৭ টি শেয়ার পূর্ব ঘোষণা ছাড়াই বিক্রি করেছেন;

যেহেতু, উপর্যুক্ত পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির মাধ্যমে জনাব রুবাইয়াত খালেদ কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, জনাব রুবাইয়াত খালেদ কর্তৃক উপর্যুক্ত কর্মকান্ডের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের মার্চ ২৫, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৭১৯/২০১৯-১৪১ স্মারকমূলে 'জনাব রুবাইয়াত খালেদ'-কে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং তিনি পরবর্তীতে শুনানির সময় বর্ধিতকরণের জন্য আবেদন করলে জুন ১২, ২০১৯ তারিখে নতুন শুনানির তারিখ নির্ধারণ করা হলেও নির্ধারিত তারিখে শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 25A এর বিধান মোতাবেক এই আইনের অধীনে কোন ব্যক্তির উপর আনীত অভিযোগ হতে নির্দোষ প্রমাণের দায়িত্ব উক্ত ব্যক্তির উপর বর্তায়;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর বিধান মোতাবেক যথাযথ প্রক্রিয়ায় নোটিশ ইস্যু করার পরও জনাব রুবাইয়াত খালেদ উপর্যুক্ত শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে নিজেকে নির্দোষ প্রমাণে ব্যর্থ হন;

যেহেতু, উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, জনাব রুবাইয়াত খালেদ এর বিরুদ্ধে কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর লঙ্ঘন সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড' এর পরিচালক হিসেবে জনাব রুবাইয়াত খালেদ সিকিউরিটিজ সংক্রান্ত উপর্যুক্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড'-এ জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু জনাব রুবাইয়াত খালেদ কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড' এর শেয়ার বিক্রির কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড'-এ বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, জনাব রুবাইয়াত খালেদ আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে জনাব রুবাইয়াত খালেদ-কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এর প্রদত্ত ক্ষমতাবলে 'জনাব রুবাইয়াত খালেদ'-কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

29.09.2020

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। জনাব রুবাইয়াত খালেদ, সাবেক পরিচালক, 'ফারইস্ট ফাইনান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড', বাড়ি # ২, সড়ক # ৬, বারিধারা ডিপ্লোমেটিক জোন, গুলশান, ঢাকা।